

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৪.২২. ৭৬৬

তারিখ: ০৬ এপ্রিল, ২০২৩

### অফিস আদেশ

চট্টগ্রাম বিভাগাধীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম এর সুপারিশের প্রেক্ষিতে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকদের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহি: বাংলাদেশ (ভারত) গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্র. নং	নাম, পদবি ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
০১।	জনাব আশিফা শাহারিন সহকারী শিক্ষক আমবাগান সরকারি প্রাথমিক বিদ্যালয় ডবলমুরিং, চট্টগ্রাম।	০১-০৫-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনেরো) দিন।	আজমীর শরীফ জিয়ারতের নিমিত্ত ভারত গমন।
০২।	জনাব প্রিয়াংকা দাশ গুপ্তা সহকারী শিক্ষক বিলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় আনোয়ারা, চট্টগ্রাম।	১০-০৪-২০২৩ হতে অথবা যাত্রার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন।	শিক্ষকের উন্নত চিকিৎসার নিমিত্ত ভারত গমন।

শর্তাবলী:

- বহি: বাংলাদেশ গমনের পূর্বে এবং প্রত্যাবর্তনের পরে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।
- কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না। নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ছুটিকালীন বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- নির্ধারিত সময়ে পর কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮ জুন, ২০২২ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২ নং পত্র মোতাবেক অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

ড. মো: শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক  
ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩  
e-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৩৩.০০৪.২২. ৭৬৬ (১৭)

তারিখ: ০৬ এপ্রিল, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। হাই কমিশনার/সহকারী হাই কমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস, ঢাকা/চট্টগ্রাম।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ৫। ইমিগ্রেশন কর্মকর্তা, সীমান্ত চেকপোস্ট, বেনাপোল স্থলবন্দর, যশোর/ঢাকা ক্যান্টনমেন্ট রেল স্টেশন, ঢাকা/আখাউড়া স্থল বন্দর, ব্রাহ্মণবাড়িয়া/বিবির বাজার, কুমিল্লা, বাংলাদেশ।
- ৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চট্টগ্রাম।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করবেন।
- ৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার, আনোয়ারা/ডবলমুরিং, চট্টগ্রাম। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকদের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আনোয়ারা, চট্টগ্রাম।
- ১০। জনাব আশিফা শাহারিন, সহকারী শিক্ষক, আমবাগান সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম।
- ১১। জনাব প্রিয়াংকা দাশ গুপ্তা, সহকারী শিক্ষক, বিলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনোয়ারা, চট্টগ্রাম।
- ১২। সংরক্ষণ নথি।

ড. মো: শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক